

**2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-101T/358**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021**

BENGALI

(1st Semester)

Course No. : BNGHCC-101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ২×১০=২০

(ক) 'চর্যাপদ' পুঁথিটি কত সালে, কোথা থেকে আবিষ্কৃত হয়?

(খ) 'চর্যাপদ' পুঁথিটি কত সালে, কোথা থেকে প্রকাশিত হয়?

(গ) 'চর্যাপদ'-এর মোট পদকর্তা কতজন? সবচেয়ে বেশি পদ কে রচনা করেছেন?

(2)

- (ঘ) 'চর্যাপদ'-এর ঢাকা কী নামে পরিচিত? এটি কে লিখেছেন?
- (ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কয়টি খণ্ড আছে? শেষ খণ্ডটির নাম কী?
- (চ) মৈথিল কোকিল কাকে বলা হয়? তাঁর জন্ম কোথায় হয়েছিল?
- (ছ) বিদ্যাপতি প্রবর্তিত পদাবলীর ভাষা কী নামে পরিচিত? তিনি কোন্ রাজবংশের সভাকবি ছিলেন?
- (জ) গোবিন্দদাসকে কার ভাবশিষ্য বলা হয়? তিনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা?
- (ঝ) 'মনসামঙ্গল'-এর পূর্ববঙ্গীয় ধারার দুজন কবির নাম লেখো।
- (ঞ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের আদিকবি কে? এই ধারার শ্রেষ্ঠ কবি কাকে বলা হয়?
- (ট) ভারতচন্দ্র কোন্ রাজার সভাকবি ছিলেন? তাঁর কাব্যে মোট কয়টি খণ্ড রয়েছে?
- (ঠ) 'ধর্মমঙ্গল' কাব্যধারার দুজন কবির নাম উল্লেখ করো।
- (ড) কৃত্তিবাস ছাড়া আরও দুজন বাংলা 'রামায়ণ' অনুবাদকের নাম লেখো।
- (ঢ) কৃত্তিবাস কোন্ শতাব্দীর কবি? তাঁর অনূদিত 'রামায়ণ'টি কী নামে পরিচিত?

(Continued)

(3)

- (গ) কাশীরাম দাসের বাবার নাম কী? তিনি কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন?
- (ত) বাংলায় 'মহাভারত' অনুবাদের ধারায় প্রথম কবি কে? তাঁর কাব্যটি কী নামে পরিচিত?
- (থ) 'শাক্ত পদাবলী'র দুজন কবির নাম উল্লেখ করো।
- (দ) দৌলত কাজী রচিত কাব্যের নাম কী? এটি কার পৃষ্ঠপোষকতায় রচিত হয়েছিল?
- (ধ) আলাওলের যে কোনো দুটি রচনার নাম উল্লেখ করো।
- (ন) 'পদ্মাবতী' কাব্যটি কার, কোন্ গ্রন্থ অনুসরণে রচিত?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

- ২। বাংলা সাহিত্যের ইতিহাসের যুগবিভাগ উল্লেখ করে প্রাচীন বাংলা সাহিত্যের একমাত্র নিদর্শনটির ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো।
- ৩। বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নিদর্শন 'চর্যাপদ'-এ বর্ণিত সমকালীন বাংলাদেশের ভৌগোলিক ও সামাজিক পরিচয় লিপিবদ্ধ করো।
- ৪। মধ্যযুগের বাংলা সাহিত্যের আদি নিদর্শনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

10-21/242

(Continued)

- ৫। বৈষ্ণব পদ রচনায় কবি গোবিন্দদাসের কবিকৃতি আলোচনা করো।
- ৬। 'মনসামঙ্গল' কাব্যধারায় কবি কেতকাদাস ক্ষেমানন্দের কাব্যের বিশেষত্ব কোথায় তা সংক্ষেপে আলোচনা করো।
- ৭। 'ধর্মমঙ্গল'-এর শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্য সম্পর্কে যা জান আলোচনা করো।
- ৮। বাংলায় কৃত্তিবাসী 'রামায়ণ'-এর জনপ্রিয়তার কারণগুলো উল্লেখ করো।
- ৯। বাংলায় 'মহাভারত' অনুবাদে কাশীরাম দাস কতটুকু স্বকীয়তা দেখিয়েছেন, আলোচনা করো।
- ১০। 'শাক্ত পদাবলী'র অন্তর্গত 'আগমনী' ও 'বিজয়া' শীর্ষক পদগুলোতে সমকালীন বাংলাদেশের যে পরিচয় পাওয়া যায় তা লিপিবদ্ধ করো।
- ১১। মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি দৌলত কাজীর কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
